

২১ নভেম্বর, ২০১৬

সম্মানিত অভিভাবক,  
আসসালামু আলাইকুম,

আপনাদের সদয় অবগতির জন্যে জানানো যাচ্ছে যে, সারা বছর জুড়ে শিক্ষার্থীদের সুশৃঙ্খল করার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা স্কুল আপনাদের জানিয়ে আসছে। এ ব্যাপারে আপনারা স্কুলকে সহযোগিতা করেছেন। বর্তমানে স্কুল অনুভব করছে, সামগ্রিকভাবে শিক্ষার্থীদের আরেকটু নিয়ম শৃঙ্খলার ব্যাপারে সচেতন হওয়ার প্রয়োজন। স্কুল এ ব্যাপারে শিক্ষার্থীদের জন্য অবশ্য পালনীয় বিষয়গুলো আপনাদের সুবিধার্থে পুনরায় উপস্থাপন করছে। প্রাসঙ্গিক তথ্য সমূহ:-

**সাধারণ নিয়মাবলী :**

১. সময়সূচি : নিয়মিত ক্লাস চলাকালে শিক্ষার্থীকে অবশ্যই ৮টা ১০মিনিটের মধ্যে স্কুলে প্রবেশ করতে হবে। আসন্ন পরীক্ষা চলাকালে শিক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা শুরুর ৩০মিনিট পূর্বে স্কুলে প্রবেশ করতে হবে।
২. স্কুল ইউনিফর্ম : স্কুলের ইউনিফর্ম পরিষ্কার পরিচ্ছন্ন থাকবে। সোয়েটার- নেভি ব্লু রংয়ের। সাথে স্কুলের মনোগ্রাম বাম পাশে লাগিয়ে নিতে হবে (মনোগ্রাম অফিস থেকে সংগ্রহ করুন)।
৩. জুতা হতে হবে কালো ও পলিশড। ছেলেদের জন্য- *Bata Shoe Category No: 22/ 23* । সঙ্গে পরিষ্কার সাদা রং এর মোজা থাকবে। মোজা বিহীন জুতা পরে স্কুলে আসা যাবে না।
৪. চুল: ছেলেদের ক্ষেত্রে- মাথার পেছনে ও পাশে ১/২ ইঞ্চি এবং সামনে ও ওপরে ১ ইঞ্চি সাইজে চুল থাকতে হবে।
৫. নখ সব সময় ছোট রাখতে হবে।
৬. ছেলেরা ৪র্থ শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত সাধারণ কালো বেল্ট ব্যবহার করতে পারবে।
৭. ক্যাপ বা হ্যাট পরা যাবে না।
৮. শিক্ষার্থীদের সঙ্গে রুমাল থাকা আবশ্যিক।
৯. ঘড়ি ব্যবহারের ক্ষেত্রে : ১ম-৪র্থ শ্রেণির শিক্ষার্থীরা হাত ঘড়ি ব্যবহার করবে না।  
✓ ৫ম-১০ম শ্রেণির শিক্ষার্থীরা যারা ঘড়ি ব্যবহার করতে আগ্রহী যেসব শিক্ষার্থীরা প্লেইন ও নরমাল সাইজের ঘড়ি ব্যবহার করতে পারবে।
১০. স্কুলে মোবাইল কিংবা কোনো প্রকার খেলার সরঞ্জামাদি, ডিভাইস আনা যাবে না।
১১. আফটারনুন সেশন ড্রেস: আফটারনুন সেশনের পোশাক স্কুল কর্তৃক নির্ধারিত নমুনা অনুযায়ী হতে হবে। নির্ধারিত নমুনার বাইরে কোনো ধরনের পোশাক গ্রহণযোগ্য হবে না।  
❖ ছেলেদের ক্ষেত্রে- খ্রি-কোয়াটার প্যান্ট পরিধান করা যাবে না। ফুল-প্যান্ট পরিধান করতে হবে।

আগামী ২৬শে নভেম্বর, শনিবার থেকে নিম্নোক্ত বিষয়গুলোর ব্যাপারে শিক্ষার্থীদের অসচেতনতা দেখা গেলে স্কুল যেকোনো প্রকার সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণে বাধ্য থাকবে।

আপনার সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,  
কসমো স্কুল